মুজিবনগরে এএসসি পরিক্ষার্থীদের বাড়িতে ইউএনও

মুজিবনগরে আসন্ন এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা উপলক্ষে শিক্ষার্থীদের খোঁজখবর নিতে এবং তাদের পড়াশোনার অগ্রগতির খোঁজখবর নিতে শিক্ষার্থীদের বাড়ি পরিদর্শন করেছেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।

এ সময় তিনি শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে কথা বলেন এবং তাদের সন্তানদেরকে পড়াশোনা করার জন্য উৎসাহ প্রদান করতে বলেন।

নির্বাহী অফিসার বলেন, আপনারা হলেন আপনার সন্তানদের আদর্শ শিক্ষক আপনারা যদি সন্তানদের পড়াশোনার প্রতি অবহেলা করেন তাহলে আপনার সন্তানরা কখনোই ভালো রেজাল্ট করতে পারবে না। তাই আপনারা আপনাদের সন্তানদের প্রতি যত্নশীল হবেন। তাদেরকে পড়াশোনার সময় মোবাইল ব্যবহার করতে দিবেন না অযথা বাইরে ঘোরাঘুরি করতেন দিবেন না। সবসময় সন্তানদের চলাফেরার পথে নজর রাখবেন আর তাদেরকে উৎসাহিত করবেন।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন তোমরা জাতির ভবিষ্যৎ তোমরা শিক্ষিত হলে জাতি শিক্ষিত হবে। একটি আদর্শ সমাজ গঠন সহজ হবে। তুমি যদি ভালো রেজাল্ট করো তোমার পিতা মাতার মর্যাদা বাড়বে তোমার স্কুল এবং স্কুলের শিক্ষকদের সম্মান এবং মর্যাদা বাড়বে। তাই কয়েক দিন সময় আছে তোমরা ভালো করে পড়াশোনা করো এবং ভালো রেজাল্ট করো এই প্রত্যাশা আমি করি তোমাদের চলার পথে কোন সমস্যা হলে তোমার শিক্ষকদের মাধ্যমে আমার কাছে বলবে। আমি সবসময় তোমাদের পাশে আছি। যে কোন প্রয়োজনে আমার কাছে আসবে আমি তোমাদের প্রয়োজন মিটানোর চেষ্টা করব।

এ সময় তিনি এসএসসি পরীক্ষার্থী শিক্ষার্থীদের উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কিছু উপহার সামগ্রী প্রদান করেন।

এ সময় নির্বাহী অফিসারের সাথে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম।